



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

‘স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জন’ উপলক্ষে  
বর্ণাঢ্য শোভাযাত্রা



স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদ্যাপনের অংশ হিসেবে ২২ মার্চ-২০১৮, বৃহস্পতিবার সকাল ১১টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

পরিবহণ প্রশাসক আবদুল্লাহ্-আল্-মাসুদ-এর সঞ্চালনায় অর্থনীতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী, জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মিল্টন বিশ্বাস, বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয়



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



শাখার সভাপতি, সাধারণ সম্পাদক শেখ জয়নুল আবেদিন রাসেল প্রমুখ বক্তব্য প্রদান করেন।

বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারী, পোগোজ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থীরা শোভাযাত্রায় অংশগ্রহণ করেন। উল্লেখ্য, স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদ্যাপনের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে সিদ্ধান্ত গৃহীত হয়। এরই অংশ হিসেবে আজ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের এই বর্ণাঢ্য শোভা যাত্রা আয়োজিত হয়।